

নম্বর: ৩৭.০০.০০০০.১২৫.১৪.০০৩.২০.১০৫

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩০

১৪ সেপ্টেম্বর ২০২৩

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়-৪৫ পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: "ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও আবাসিক ভবন নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ (এক) বছর মেয়াদ বৃদ্ধির প্রশাসনিক অনুমোদন।

সূত্র: পরিকল্পনা কমিশনের স্মারক নং-২০.০২.০০০০.০১৭.১৪.২৩৭.১৫.৬৫; তারিখ: ৩১ আগস্ট ২০২৩ খ্রি.

আমি নিম্নস্বাক্ষরকারী, পরিকল্পনা কমিশনের অনুমোদনের পরিপ্রেক্ষিতে ৬১৪৫৪.০০ লক্ষ (ছয়শত চৌদ্দ কোটি চুয়ান্ন লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নধীন "ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও আবাসিক ভবন নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক অনুমোদিত প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ 'জুলাই ২০১৬ হতে জুন ২০২৩' এর পরিবর্তে 'জুলাই ২০১৬ হতে জুন ২০২৪' পর্যন্ত বৃদ্ধির প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে নিম্নোক্ত শর্তে জ্ঞাপন করছি:

শর্তাবলি:

(ক)	প্রকল্পের মেয়াদ আর বৃদ্ধি করা যাবে না এবং জুন, ২০২৪ এর মধ্যে প্রকল্প সমাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের অনুকূলে পর্যাপ্ত অর্থ বরাদ্দ নিশ্চিত করতে হবে;
(খ)	প্রকল্পের চলমান ভৌত কাজের প্যাকেজসমূহে ঠিকাদারী প্রতিষ্ঠানের মবিলাইজেশন বৃদ্ধির জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে;
(গ)	বিস্তারিত সময়ভিত্তিক কর্মপরিকল্পনা প্রস্তুতক্রমে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমের তদারকি বৃদ্ধি করতে হবে;
(ঘ)	নির্মাণ কাজের কাঙ্ক্ষিত গুণগতমান নিশ্চিত করতে হবে এবং এ লক্ষ্যে প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করতে হবে;
(ঙ)	প্রকল্প সম্পর্কিত তথ্যাদি আইএমইডি'র পিএমআইএস (PIMS)-এ হালনাগাদ এন্ট্রি করে এ সম্পর্কিত তথ্য আইএমইডি'তে প্রেরণ করতে হবে;
(চ)	প্রকল্পটি সমাপ্তির পর যথাসময়ে (প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে) প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে;
(ছ)	প্রতিবেদনের সুপারিশ ক-ঘ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে গৃহীত ব্যবস্থাাদি সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

আপনার বিশ্বস্ত,

১৪-৯-২০২৩

আহমেদ শিবলী

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ২২৩৩৪৮১৮৪
ইমেইল:
planning.sec3@shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.১২৫.১৪.০০৩.২০.১০৫/১

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩০
১৪ সেপ্টেম্বর ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সচিব, অর্থ বিভাগ
- ২) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ৩) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৪) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৫) চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৬) উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা
- ৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৮) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৯) যুগ্মসচিব, বাজেট শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১০) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১২) প্রকল্প পরিচালক, "ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও আবাসিক ভবন নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, ঢাকা
- ১৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৪-৯-২০২৩

আহমেদ শিবলী

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)